# সমকাল

মঙ্গলবার ৮

২০ জানুয়ারি ২০২৫। ৬ মাঘ ১৪৩২


## মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

### পাবনা শাখা, পাবনা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., পাবনা শাখা, পাবনা এর খেলাপী ঋণগ্রহীতা মেসার্স বিটু বিয়ারিং, স্বত্বাধিকারী মোঃ আনিসুল ইসলাম, পিতা- মরহুম আমিরুল ইসলাম, মাতা- মরহুমা আমেনা বেগম, ঠিকানা: উপজেলা সড়ক, নুরপুর, ডাকঘর : পাবনা, থানা/উপজেলা : পাবনা সদর, জেলাঃ পাবনা, স্থায়ী ঠিকানা: উপজেলা সড়ক, নুরপুর, ডাকঘর: পাবনা, থানা/উপজেলা: পাবনা সদর, জেলাঃ পাবনা এর নিকট ৩১/১২/২০২৫ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ৯,৬৫,৫২৯.১৭ (নয় লক্ষ পঁয়ষট্টি হাজার পাঁচশত উনত্রিশ টাকা সতের পয়সা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অনান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে জনাব মোঃ আনিসুল ইসলাম, পিতা- মরহুম আমিরুল ইসলাম, মাতা- মরহুমা আমেনা বেগম, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**দরপত্রের শর্তাবলীঃ**

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ১৭.০২.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর, 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংকড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., পাবনা শাখা, পাবনা -এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ**

জেলা- পাবনা, থানা- পাবনা সদর, সাব-রেজিস্ট্রি অফিস- পাবনা সদর, ইউনিয়ন: ভাঁড়ারা, মৌজা- কোলাদী, জে.এল. নং- ১৮৬ (সাবেক) ২১৪ (হাল), আর.এস. খতিয়ান নং-: ১২৪৬, খারিজ খতিয়ান আর.এস. - ১৯০১, আর.এস. দাগ নং- ৫১৪৭, জমির পরিমাণ: ০.৩৮০০ একর এর কাত ০.১০৮৪ একর। যাহার চৌহদ্দিঃ উত্তরে- জনু মোল্লা গং, দক্ষিণে- খোকন গং, পূর্বে -জুলহাস খাঁন, পশ্চিমে- নিফাজ খাঁন।

**পক্ষেঃ শাখাপ্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. পাবনা শাখা, পাবনা সদর, পাবনা।**

**ফোন নং-+৮৮০৯৬৭৮১৪২১৮৯, ০১৭৫৫৬৩২৯১৮**